

১০৭৮
জন্ম নিবন্ধন-স্বাক্ষর প্রকল্প

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: br.lgd.gov.bd
ইমেইল: onlinebris@lgd.gov.bd

"জন্ম-মৃত্যু নিবন্ধনে থাকলে সচেতন
সহজ হবে সেবা গ্রহণ এবং উন্নয়ন"

স্মারক নং: স্বাসবি/জমনিথ/বিআরআইএস-১১/২০১৪-১৮

তারিখ: ২৫-৯-১৪২০
৮-১-২০১৪

বিষয়: প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র ভর্তিকালে বয়স পরিবর্তন প্রসঙ্গে।

সারাদেশে এখন প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির মৌসুম চলছে। বেশকিছু জন্ম নিবন্ধকের নিকট হতে এই মর্মে অনুযোগ পাওয়া যাচ্ছে যে, কোন কোন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিশুদের জন্ম নিবন্ধন সনদ পরিবর্তন করে তাদের জন্ম তারিখ জানুয়ারী মাসে উল্লেখ করে নিয়ে যাওয়ার পরামর্শ প্রদান করছেন।

শিক্ষানীতি অনুযায়ী ৬+ বৎসরের শিশুদের বিদ্যালয় গমন বাধ্যতামূলক কিন্তু কোন শিশু ৬ বৎসর পূর্ণ হওয়ার পূর্বেই বিদ্যালয়ে ভর্তি হতে গেলে প্রধান শিক্ষকগণ তাদের বয়স বাড়িয়ে বা কেউ ৬ বৎসরের অধিক বয়সের হলে তাদের বয়স কমিয়ে জন্ম নিবন্ধন সনদ দাখিলের পরামর্শ প্রদান করছেন। প্রধান শিক্ষকের এই অপ্রয়োজনীয় সুপারিশের প্রেক্ষিতে অভিভাবকগণ জন্ম নিবন্ধন কার্যালয়ে ধর্না প্রদান করছেন। জন্ম তারিখ পরিবর্তনযোগ্য নয় বিধায় নিবন্ধকগণ অভিভাবকদের চাহিদা মিটাতে সক্ষম না হওয়ায় হটপোলের পরিস্থিতি তৈরি হচ্ছে।

বিদ্যালয়ে ছাত্র ভর্তিকালে শিশুর জন্ম তারিখ পরিবর্তনের জন্য অনৈতিক পরামর্শ প্রদান হতে বিরত থাকতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নির্দেশ দিতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কার্যার্থে:

✓ মহাপরিচালক
প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর
মিরপুর, ঢাকা।

জ্ঞাতার্থে:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(আ.ক.ম. সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৯৫৫৬৬০৬
ফ্যাক্স- ৯৫৫২৩৮১
মোবা- ০১৭১৬ ২০৬৫৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং প্রাশিঅ/বোর্ড ফাইল-১/বিদ্যা-ঢাকা/২০০৮/ ১০১৭২

তারিখ: ০৭ মাঘ ১৪২০
২২ জানুয়ারি ২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)-প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর ভর্তির সময় শিশুর জন্মতারিখ পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট শিক্ষকগণকে অনৈতিক পরামর্শ প্রদান থেকে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩। প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, কেন্দ্রীয় পরিবহন পুল, কক্ষ নং: ৯০৮-৯০৯, সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।
- ৪। সংরক্ষণ নথি।

দেবেশ চন্দ্র সরকার
সহকারী পরিচালক (বিদ্যালয়)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ৯০০০২৩১